রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ৩০, ২০১৬**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২৩ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং ২৭০ আইন/২০১৬/৬৩/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে, section 13 এবং section 207 এর উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) **"উপহার"** অর্থ আমদানি নীতি আদেশে বর্ণিত মূল্যসীমার আওতায় আমদানিতব্য উপহার সামগ্রী;

(গ) **"কুরিয়ার সার্ভিস"** অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর অধীন অন বোর্ড ও আন্তর্জাতিক লাইসেন্সপ্রাপ্ত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস।

(ঘ) **"গ্রাহক"** অর্থ কনসাইনর বা প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট, Counterpart কর্তৃক ইস্যুকৃত বিল অব লেডিং, হাউজ এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোটে প্রদর্শিত প্রাপক;

(ঙ) **"ডকুমেন্টস"** অর্থ ২ (দুই) কেজি পর্যন্ত হস্তলিখিত বা মুদ্রিত দলিলাদি, পাসপোর্ট বা অনুরূপ পণ্য যাহা মোড়ক, বান্ডিল বা এনভেলপের মধ্যে মোড়কজাত করা হইয়া থাকে;


**মূল্যঃ** টাকা ১৬.০০

(চ) **"নমুনা"** অর্থ আমদানি নীতি আদেশে বর্ণিত মূল্য সীমার আওতায় আমদানিতব্য নমুনা সামগ্রী;

(ছ) **"প্রেরক"** অর্থ কনসাইনর বা প্রিন্সিপাল, তাহার বৈধ এজেন্ট, Counterpart কর্তৃক ইস্যুকৃত বিল অব লেডিং, হাউজ এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোটে প্রদর্শিত প্রেরক;

(জ) **"ফরম"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঝ) "বোর্ড" অর্থ আইনের section 2 (e) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঞ) **"ব্যক্তি"** অর্থে কোন কোম্পানী, অংশীদারী কারবারী, লিমিটেড কোম্পানী বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(ট) **"লাইসেন্স"** অর্থ কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য শুল্কায়ন এর জন্য বিধি ৫ এর অধীনে প্রদত্ত লাইসেন্স; এবং

(ঠ) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ**।—লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে আইনের section 13 এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন কাস্টমস কমিশনার (বন্ড) বা, প্রযোজ্য ক্ষেত্রে, যে কোন কমিশনার অব কাস্টমস।

৪। **লাইসেন্স এর আবেদন পদ্ধতি**।—আবেদনকারীকে লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট ফরম 'ক'-এ নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদন করিতে হইবে, যথাঃ—

(১) আর্থিক স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

(২) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের (আই, টি-৮৮) কপি;

(৩) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর বিধি ১১ এর উপ-বিধি (৪) এর অধীন অন বোর্ড বা আন্তর্জাতিক মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান হিসাবে প্রাপ্ত লাইসেন্স এর অনুলিপি;

(৪) প্রিন্সিপাল, এজেন্ট বা Counterpart যে দেশে অবস্থিত সে দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধন পত্রের অনুলিপি;

(৫) পণ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের অভ্যন্তরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থানের বরাদ্দপত্রের অনুলিপি;

(৬) আবেদনকারী কোন সংস্থা বা প্রতিষ্ঠান হইলে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের প্রধানসহ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি এবং প্রযোজ্য ক্ষেত্রে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের পরিচালকবৃন্দের প্রত্যেকের ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(৭) আবেদনকারীর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের সোনালী ব্যাংক লিমিটেড এর শাখায় চলতি হিসাব পরিচালনা সংক্রান্ত দলিলাদি।

৫। **লাইসেন্স প্রদান**।—(১) বিধি ৪ এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন, সংশ্লিষ্ট দলিলাদি ও তথ্যের যথার্থতা যাচাই করিবে অথবা প্রয়োজনে অন্য যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কার্যক্রম গ্রহণ শেষে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে অন্যূন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নলিখিত দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে, যথাঃ—

(ক) জামানত হিসাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে ফরম 'খ' অনুযায়ী—

(অ) অন বোর্ড মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১ (এক) লক্ষ, এবং

(আ) আন্তর্জাতিক মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে ২(দুই) লক্ষ টাকার,

নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি;

(খ) সংশ্লিষ্ট প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা Counterpart ব্যতীত অন্য কোন প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা Counterpart এর নিকট হইতে পণ্যচালান আনয়ন করিবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;

(গ) কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্স ফি বাবদ—

(অ) সকল শ্রেণির অন বোর্ড মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে যথাক্রমে অফেরৎযোগ্য ১০ (দশ) হাজার, এবং

(আ) সকল শ্রেণির আন্তর্জাতিক মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে ২৫ (পঁচিশ) হাজার টাকার ট্রেজারী চালান, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঘ) জয়েন্ট ভেনচার কোম্পানী বা শতভাগ বিদেশী কোম্পানীর ক্ষেত্রে ২ (দুই) কোটি টাকার এবং শতভাগ দেশী কোম্পানীর ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার বন্ড;

(ঙ) আইনের section 86 (3) অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণের সাধারণ বন্ড (General Bond) দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দলিলাদি যাচাই-বাছাইপূর্বক সঠিক পাওয়া গেলে লাইসেন্সিং কর্তৃপক্ষ দলিলাদি প্রাপ্তির তারিখ হইতে ২১ (একুশ) কার্যাদিবসের মধ্যে ফরম 'ঘ' তে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে।

৬। **লাইসেন্সের মেয়াদ**।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসর।

৭। **লাইসেন্স নবায়ন**।—(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য ফি বাবদ অন বোর্ড বা আন্তর্জাতিক মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে যথাক্রমে ৫ (পাঁচ) হাজার বা, ক্ষেত্রমতে, ১৫ (পনের) হাজার টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া ট্রেজারী চালানের কপিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথাঃ—

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) হালনাগাদ আয়কর সনদের কপি;

(ঘ) আইনের section 86 (3) অনুযায়ী সাধারণ বন্ড (General Bond)।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের বিগত মেয়াদের কার্যক্রম যাচাই-বাছাইপূর্বক আবেদন প্রাপ্তি তারিখ হইতে ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবে।

(৩) নিম্নবর্ণিত যে কোন কারণে লাইসেন্স নবায়ন করা যাইবে না, যথাঃ—

(ক) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক না হইলে;

(খ) এই বিধিমালা বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে; বা

(গ) লাইসেন্স সাময়িক স্থগিত থাকিলে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত যে কোন একটি কারণে লাইসেন্স নবায়ন করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে আবেদন প্রাপ্তির ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৮। **লাইসেন্সের অধিক্ষেত্র**।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের অধিক্ষেত্র হইবে লাইসেন্সে উল্লিখিত সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন।

৯। **লাইসেন্সের অনুলিপি প্রদান**।—লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোন প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা ফি লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

১০। **লাইসেন্স বাতিল ও সাময়িক স্থগিতকরণ**।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া আইনের section 13(3) এর বিধান মোতাবেক লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথা:—

(১) এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করা হইলে;

(২) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রতা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(৩) নিজ গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চালানে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য আমদানি বা রপ্তানি করা হইলে;

(৪) শুল্ক-কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

(৫) প্রযোজ্য কোন শুল্ক-কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীনে আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইয়া যাইবার উদ্দেশ্যে কোন জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(৬) প্রযোজ্য কোন শুল্ক-কর ফাঁকি দিলে;

(৭) যথাসময়ে লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ ও নবায়ন না করিলে;

(৮) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর অধীন প্রদত্ত লাইসেন্স বাতিল হইলে;

(৯) কাস্টমস কর্মকর্তাগণের সহিত অসৌজন্যমূলক আচরণ করা হইলে;

(১০) জনস্বার্থ বিঘ্নিত হইলে; এবং

(১১) এই বিধিমালার অধীন অর্পিত কোন দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ, প্রয়োজনে, সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের লাইসেন্স সাময়িক স্থগিত করিতে পারিবে।

১১। **কতিপয় পণ্য শুল্কায়নের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর তফসিল ৬ এ উল্লিখিত নিষিদ্ধ দ্রব্যাদি এই বিধিমালার আওতায় শুল্কায়ন করা যাইবে না।

১২। **পণ্য চালানের প্যাকেজিং সংক্রান্ত বিধান।**—(১) এই বিধিমালার উদ্দেশ্যেপূরণকল্পে, আমদানিকৃত পণ্যের চালান নিম্নবর্ণিত দুই শ্রেণিতে বিভক্ত করিয়া পৃথক পৃথক মোড়ক দ্বারা মোড়কজাত করিতে হইবে, যথাঃ—

(ক) ডকুমেন্টস; এবং

(খ) অন্যান্য পণ্য।

(২) একই মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্টে পৃথক পৃথক মোড়ক নম্বরসহ দুই শ্রেণির পণ্য প্রেরণ করা যাইবে, তবে উভয় শ্রেণির পণ্য কোনক্রমেই সংমিশ্রণ করিয়া আমদানি করা যাইবে না।

(৩) প্রতিটি পণ্যের মোড়কের গায়ে হাউস এয়ারওয়ে বিল নম্বর বা কনসাইনমেন্ট নোট নম্বর ও প্রাপকের নাম ও ঠিকানা, উপ-বিধি (১) অনুযায়ী শ্রেণি বিন্যস্ত পণ্যের ধরন, পণ্যের বিবরণ, ওজন ইত্যাদি তথ্য স্পষ্টাক্ষরে সংযুক্ত করিয়া প্রেরণ করিতে হইবে।

(৪) একটি মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্টের অন্তর্গত সকল পণ্য চালান বা প্যাকেটসমূহ সংশ্লিষ্ট বন্ডেড ওয়্যারহাউসের বরাদ্দকৃত স্থানে প্রবেশের পর পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে উহা সহজে সনাক্ত করা যায়।

১৩। **আমদানিকৃত পণ্যের চালান গ্রহণ, সংরক্ষণ, শুল্কায়ন এবং খালাস।**—(১) আমদানিকৃত পণ্যের চালান গ্রহণ, সংরক্ষণ, শুল্কায়ন এবং খালাস নিম্নবর্ণিত বিধি-বিধান অনুসরণপূর্বক করিতে হইবে, যথা:—

(ক) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, তাহার বৈধ এজেন্ট বা Counterpart পণ্যের চালান বহনকারী উড়োজাহাজ বা যানবাহন বাংলাদেশের বন্দরে আগমনের উদ্দেশ্যে বন্দর ত্যাগ করিবার পূর্বে অথবা ত্যাগ করিবার অব্যবহিত পর কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান পূর্ণাঙ্গ হাউজ এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোট এর তথ্য, যথাঃ গ্রাহক ও প্রেরকের নাম ও ঠিকানা, পণ্যের নাম, বিবরণ, ওজন এবং প্রেরক কর্তৃক ঘোষিত মূল্য সম্বলিত মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্ট সংশ্লিষ্ট দলিলাদি সংশ্লিষ্ট এয়ারলাইন্স বা সংশ্লিষ্ট এজেন্টের মাধ্যমে কাস্টম কম্পিউটার সিস্টেমে প্রেরণ নিশ্চিত করিবেন;

(খ) কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আনীত পণ্যচালানের বিষয়ে কাস্টমস কর্মকর্তা পণ্যচালানের মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্ট এর বিষয়ে অনাপত্তি প্রদান করিলেই কেবলমাত্র হ্যান্ডলিং এজেন্ট উক্ত পণ্য কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যার হাউজে গুদামজাতকরণের জন্য গ্রহণ করিবেন এবং উহা সংশ্লিষ্ট কুরিয়ার প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিবেন;

(গ) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক আনীত পণ্যসমূহ স্থলবন্দর, সমুদ্রবন্দর বা বিমানবন্দরের হ্যান্ডলিং এজেন্ট কর্তৃক গৃহীত হইবার পর হ্যান্ডলিং এজেন্ট সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নিকট পণ্য দ্রুত হস্তান্তর করিবে এবং সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান উক্ত পণ্য তাহার জন্য নির্ধারিত বন্ডেড ওয়্যার হাউজে যথাযথভাবে সংরক্ষণ করিবে;

(ঘ) কোন পণ্য হ্যান্ডলিং এজেন্ট কর্তৃক সংশ্লিষ্ট কুরিয়ার প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরের পূর্বে হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্ত হইলে উক্ত পণ্যের বিপরীতে প্রযোজ্য শুল্ককরসহ অন্যান্য দায়িত্ব হ্যান্ডলিং এজেন্ট বহন করিবেন। অন্যদিকে কোন পণ্য সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরের পর, কিন্তু খালাসের পূর্বে হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্ত হইলে উক্ত পণ্যের বিপরীতে প্রযোজ্য শুল্ককরসহ অন্যান্য দায়-দায়িত্ব কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান বহন করিবে।

(ঙ) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান হ্যান্ডলিং এজেন্টের নিকট হইতে প্রাপ্ত পণ্যসমূহের জন্য একটি রেজিস্টার সংরক্ষণ করিবে, যাহাতে প্রত্যেক কনসাইনমেন্টের তথ্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত ফরম্যাটে লিপিবদ্ধ করা যায়;

(চ) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নির্ধারিত বন্ডেড ওয়্যার হাউজে পণ্য প্রবেশের সময় পণ্যচালান স্ক্যানিং অথবা, ক্ষেত্রমত, কায়িক পরীক্ষা (Physical examination) করা হইবে;

(ছ) রাজস্ব ঝুঁকিসহ যে কোন ঝুঁকিপূর্ণ পণ্য যথোপযুক্ত শুল্ক কর্মকর্তার নির্দেশে বন্ডেড ওয়্যার হাউসে সংরক্ষণ করিতে হইবে।

(২) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক একক মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্টের মাধ্যমে আনীত সকল ডকুমেন্টস এর বিপরীতে কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান নিজ নামে একটি বিল অব এন্ট্রি দাখিলপূর্বক যথোপযুক্ত শুল্ক কর্মকর্তা অনুমোদনক্রমে শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে।

(৩) উপহার সামগ্রী শুল্কায়নের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি এবং নমুনা ও বাণিজ্যিক পণ্যের ক্ষেত্রে আমদানিকারকের মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর উল্লেখ করিয়া বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে।

(৪) পণ্য চালানের শুল্ক কর পরিশোধের বিষয়ে যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্র (Release order) প্রাপ্তি সাপেক্ষে কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান গ্রাহক বা তদ্‌কর্তৃক মনোনীত সিএন্ডএফ এজেন্টের প্রতিনিধির নিকট পণ্য করিবে;

(৫) আইনের section 82 তে উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়া সত্ত্বেও যে সকল পণ্যচালান শুল্কায়নপূর্বক খালাস গ্রহণ করা হইবে না, সেই সকল পণ্যচালানের ক্ষেত্রে হ্যান্ডলিং এজেন্ট বা, ক্ষেত্রমত, কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান মাস্টার এয়ারওয়ে বিল নম্বর, হাউজ এয়ারওয়ে বিল নম্বর, পণ্যের বিবরণ, পরিমাণ ও ওজন উল্লেখপূর্বক তৈরীকৃত তালিকা, নিলামের জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিবে।

**ব্যাখ্যা ঃ** এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে "বাণিজ্যিক পণ্য" অর্থে ডকুমেন্টস, নমুনা ও উপহার হিসাবে সংজ্ঞায়িত পণ্য ব্যতীত যে কোন পণ্যকে বুঝাইবে।

১৪। **প্রিন্সিপাল বা বৈধ এজেন্টের দায়িত্ব ও কর্তব্য**।—কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্টের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, তাহার বৈধ এজেন্ট বা Counterpart পণ্য চালানকে নিম্নবর্ণিত দুই শ্রেণিতে বিন্যস্ত করিয়া বিধি **১২** অনুসরণপূর্বক একই মাস্টার এয়ারওয়ে বিল বা মেনিফেস্টের বিপরীতে পৃথক পৃথক মোড়কের মাধ্যমে প্রেরণ করিবে, যথাঃ—

(অ) ডকুমেন্টস; এবং

(আ) অন্যান্য পণ্য।

(খ) প্রতিটি হাউস এয়ারওয়ে বিল, প্রাপকের নাম ও ঠিকানা এবং বিধি-১২ এর উপবিধি-(১) এ শ্রেণিকৃত পণ্যের ধরন, পণ্যের বিবরণ, ওজন প্রেরক কর্তৃক ঘোষিত মূল্য ইত্যাদি তথ্য সম্বলিত স্টিকার লাগাইয়া প্রেরণ করিতে হইবে; এবং

(গ) প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা Counterpart কর্তৃক করণীয় দায়-দায়িত্ব প্রতিপালনে অবহেলা, অসামর্থ্য বা অসহযোগিতা পরিলক্ষিত হইলে উহার দায়-দায়িত্ব উক্ত প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা Counterpart এর লাইসেন্স প্রাপ্ত কুরিয়ার সার্ভিস বহন করিবে।

১৫। **কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের দায়িত্ব ও কর্তব্য**।—এই বিধিমালার অধীন কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য পালন করিবে, যথাঃ—

(ক) কোন পণ্যচালান গুদামজাতকরণের উদ্দেশ্যে অন্য কোন কুরিয়ার সার্ভিস বা তৃতীয় কোন ব্যক্তিকে আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাইবে না;

(খ) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান শুল্কায়ন সম্পর্কিত দলিলাদি ৩ (তিন) বৎসর সংরক্ষণ করিবে;

(গ) পণ্য চালান বন্দরে অবতরণের অব্যবহিত পরে পণ্যের বিস্তারিত বিবরণ, পণ্য অবতরণের তারিখ ও সময়, পণ্য খালাস পদ্ধতি এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি উল্লেখ করিয়া গ্রাহকের বরাবরে নোটিশ প্রেরণ করিবে; এবং

(ঘ) গ্রাহক অথবা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির পরিচয় নিশ্চিতকরণ সাপেক্ষে পণ্য হস্তান্তর করিবে।

১৬। **অর্থদণ্ড আরোপ**।—লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে বিধি ১০ এর অধীন লাইসেন্স বাতিলসহ উহার অতিরিক্ত হিসাবে নিম্নরূপ যে কোন অর্থদণ্ডও আরোপ করিতে পারিবে, যথাঃ—

(ক) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কর্মকাণ্ড শুল্ক-কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট নয় এইরূপ কোন বিধান লংঘন করা হইলে অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা;

(খ) কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের কর্মকাণ্ড শুল্ক-কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট হইলে, যে পরিমাণ শুল্ক-করের ক্ষতি হইয়াছে উহার অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ কিন্তু অন্যূন ২ (দুই) লক্ষ টাকা।

১৭। **আপীল**।—বিধি ১৬ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান, সিদ্ধান্ত প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে আইনের Section 196A মোতাবেক আপীলাত ট্রাইব্যুনালে আপীল করিতে পারিবেন।

১৮। **আদেশ প্রদানের ক্ষমতা**।—এই বিধিমালা কার্যকর করিবার লক্ষ্যে কর্মপদ্ধতি নির্ধারণকল্পে লাইসেন্সিং কর্তৃপক্ষ অফিস আদেশ জারি করিতে পারিবেন।

**"ফরম-ক"**

**কুরিয়ার সার্ভিস কর্তৃক আনীত পণ্য শুল্কায়ন লাইসেন্স প্রাপ্তির আবেদন**

**(বিধি ৪ দ্রষ্টব্য)**

| |
|---|
| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ [(কাস্টমস কমিশনার (বন্ড)/কমিশনার অব কাস্টমস]
..........................
..........................

মহোদয়,

আমি/আমরা.............................................কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬................./............এর আওতায় কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান হিসেবে শুল্কায়ন কার্যক্রম পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:

১। আবেদনকারীর পূর্ণ নাম:
২। জাতীয়তা:
৩। প্রতিষ্ঠানের নাম:
৪। প্রতিষ্ঠানের ঠিকানা:
৫। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী ইত্যাদি):
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম:
৭। কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম:
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:
৯। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর তফসিল-৪ এর অধীন প্রাপ্ত লাইসেন্সের কপি:
১০। প্রিন্সিপালের সাথে সম্পাদিত চুক্তিপত্র:
১১। ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর:
১২। মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর:
১৩। সোনালী ব্যাংকের চলতি হিসাব নম্বরসহ সোনালী ব্যাংকের ঠিকানা:
১৪। আর্থিক স্বচ্ছলতা বিষয়ক ব্যাংকের সনদপত্র:
১৫। পণ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের অভ্যন্তরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থানের বরাদ্দপত্রের অনুলিপি:
১৬। অফিসের স্থানের মালিকানা দলিল বা ভাড়ার চুক্তিপত্র:
১৭। ট্রেড লাইসেন্সের কপি:
১৮। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা:
১৯। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে:
২০। তালিকাভুক্ত সিএন্ডএফ এজেন্টের নাম (অনধিক ছয়টি) ও সম্মতি পত্র:

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ ঃ

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

**সংযুক্তি** ঃ (বিধি ৪ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)
[**নোট** ঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।]

# "ফরম-খ"
## নিরাপত্তা জামানত
### [বিধি ৫(২)(ক) দ্রষ্টব্য]

২০.........সনের.........................নম্বর

এই দলিল দ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, আমরা এই মর্মে বাংলাদেশের সরকারের নিকট...........................................................................................টাকার দায়ে দৃঢ়ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার............ সনের................মাসের..............তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু.........................................................Customs Act, 1969 (Act IV of 1969) এর ধারা ১৩(১) এবং ২০৭ এর আওতায় কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক আনীত পণ্য শুল্কায়নের জন্য লাইসেন্সপ্রাপ্ত হইয়াছেন এবং............................................................... ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফসিলের ২১নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু................................................বাংলাদেশের সরকারের সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের পক্ষে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরিল্লিখিত বন্ডের শর্ত এই যে যদি........................... এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারণকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউসের প্রবিধান মোতাবেক বিশ্বস্ততার সাথে সম্পাদন এবং কুরিয়ার সার্ভিস হিসাবে তাহার কর্মকাণ্ড এবং যদি.......... ........................ এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশের সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা.................................... বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তা বাংলাদেশের সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে এবং এর ভিত্তিতে ইহা এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা হইতেছে যে, বাংলাদেশের সরকারের উপর বর্ণিত................টাকা যাহা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশের সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহৃত করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে..................টাকা বাংলাদেশের সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে..................কুরিয়ার সার্ভিস লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংগঠিত কিন্তু উদ্‌ঘাটিত হয়নি এমন বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬ (ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশের সরকারের উপর উল্লিখিত.......................টাকা........................... কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোন কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোন চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হইবে যদিও Customs Act, 1969 এর ধারা ১৫৬ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত দফা ৫৮ অনুযায়ী দাবীনামা ইতোমধ্যে জারীকৃত হইয়াছে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

২০.......সনের................তারিখ

১। ...............................

২। ...............................

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**“ফরম-গ”**

**বন্ড সম্পাদন**

**[বিধি ৫(২)(ঘ) দ্রষ্টব্য]**

২০.......সনের..........................নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমরা........................................ (ক) ....................................(খ) এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট.................. টাকার দায়ে আমরা দৃঢ়ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার.............সনের............মাসের............তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত.....................................................(ক).......................................... Customs Act, 1969 (Act IV of 1969) এর ধারা ১৩(১) এবং ২০৭ এর আওতায় কুরিয়ার সার্ভিস হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত...........................................................

(খ)............................................ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফসিলের ২১নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম এবং যেহেতু কথিত.....................................................................বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউস/কাস্টম স্টেশন প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের পক্ষে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে কথিত......................................... (ক) ............................................উভয়ই এই প্রাধিকার ধারণকালে কাস্টম হাউসের প্রবিধান অনুযায়ী বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং কুরিয়ার সার্ভিস হিসাবে তাহার কর্মকাণ্ড এবং (খ) ....................................তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত............................. (ক)...............................................এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে, অন্যথা এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত,সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

২০----সনের --------তারিখ

১।-----------------------

২।-----------------------

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**"ফরম-ঘ"**

**কুরিয়ার সার্ভিস কর্তৃক আনীত পণ্য শুল্কায়ন লাইসেন্স**

**[বিধি ৫(৩) দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

...........কাস্টম হাউস/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট

| পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি |
|---|

Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 13(1) এবং 207 এর আওতায়.........................কাস্টম হাউস/স্টেশনে কুরিয়ার সার্ভিস (..................) হিসবে পণ্য শুল্কায়নের জন্য কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের পণ্য শুল্কায়নের লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর বিধি ৫(৩) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর ঃ

ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

ঠিকানা ঃ

টেলিফোন/ফ্যাক্স/ই-মেইল ঃ

বন্ডেড ওয়্যারহাউস এর আয়তায় ঃ দৈর্ঘ্য (মিটার) ঃ প্রস্থ (মিটার) ঃ উচ্চতা (মিটার) ঃ মোট আয়তন (ঘন মিটার) ঃ

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকিবে।

তারিখ ঃ (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল)

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন-

................................হইতে....................................পর্যন্ত

কর্তৃপক্ষের স্বাক্ষর

**কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক পালনীয় শর্তাবলী:**

১। বন্ডেড ওয়্যারহাউসে মজুদ পণ্যের নিরাপদ সংরক্ষণ এবং প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন;

২। Customs Act, 1969 (Act No. IV of 1969) এর ওয়্যারহাউসিং অধ্যায়ে (একাদশ অধ্যায়) বর্ণিত বিধান কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে;

৩। বোর্ড এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে আদেশ, নির্দেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন;

৪। কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের গঠনগত যে কোন পরিবর্তন, বন্ডেড ওয়্যারহাউস স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোন পরিবর্তন অবৈধ এবং Customs Act, 1969 (Act No. IV of 1969) এর ব্যত্যয় হিসাবে গণ্য করিয়া আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd